ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৩২১

উদয়পুর,২৯ ডিসেম্বর,২০২৪

**ত্রিপুরাসুন্দরী মন্দির পরিদর্শনে কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী**

কেন্দ্রীয় খাদ্য, গণবন্টন ও পুনর্নবীকরণ শক্তিমন্ত্রী প্রহ্লাদ যোশী আজ উদয়পুরের মাতাবাড়িতে ত্রিপুরাসুন্দরী মন্দির পরিদর্শন করেন। পরিদর্শনের সময় কেন্দ্রীয় মন্ত্রী ত্রিপুরাসুন্দরী মন্দিরে দেশ ও দেশবাসীর মঙ্গল কামনায় পুজো দেন। তাছাড়াও কেন্দ্রীয়মন্ত্রী ত্রিপুরাসুন্দরী মন্দিরের নির্মাণ কাজ পরিদর্শন করেন। কেন্দ্রীয় খাদ্য ও গণবন্টন মন্ত্রী ত্রিপুরাসুন্দরী মন্দিরে পৌঁছালে তাঁকে স্বাগত জানান অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায়, বিধায়ক অভিষেক দেবরায় ও গোমতী জেলার জেলাশাসক তড়িৎকান্তি চাকমা। কেন্দ্রীয় খাদ্য ও গণবন্টন মন্ত্রী এদিন মাতাবাড়ি বিধানসভা কেন্দ্রের চন্দ্রপুর কলোনীতে স্থানীয় জনসাধারণের সাথে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মন কি বাত অনুষ্ঠানে অংশ নেন। এই অনুষ্ঠানেও অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায় ও বিধায়ক অভিষেক দেবরায় উপস্থিত ছিলেন।

*****